



নংঃ ১৯.০১.৯৬৪১.০০১.৪২.০৪২.১৭-৫৫৬

তারিখঃ ২৫/১০/২০২৩ খিঃ

## জরুরী বিজ্ঞপ্তি

লক্ষ্য করা যাচ্ছে যে, প্রায়শই কিছু কিছু ইরাক প্রবাসী বাংলাদেশী আকামার মেয়াদ বাড়ানোর সময় হলে হঠাৎ লক্ষ্য করেন যে, তাঁর পাসপোর্টের মেয়াদ আর বেশি দিন অবশিষ্ট নেই। তখন তাড়াহড়ো করে তারা পাসপোর্ট রি-ইস্যু বা নবায়ন বা নতুন ই-পাসপোর্ট করার জন্য নানামুখী চিন্তা-ভাবনা এবং অনেক সময় অনেকের ভুল পরামর্শ গ্রহণ করে হয়রানির শিকার হন।

০২। এমতাবস্থায়, ইরাক প্রবাসী বাংলাদেশীদেরকে তাদের পাসপোর্ট এবং আকামার মেয়াদের প্রতি বিশেষভাবে লক্ষ্য রেখে যথাসময়ে পাসপোর্ট রি-ইস্যু বা নতুন ই-পাসপোর্ট করার পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

০৩। উল্লেখ্য যে, বর্তমানে পাসপোর্ট রি-ইস্যু বা নতুন ই-পাসপোর্টের প্রক্রিয়া সম্পন্ন হতে কম-বেশি ৪০ (চল্লিশ) দিন সময় লেগে যায়। এ প্রেক্ষাপটে, পাসপোর্টের মেয়াদ শেষ হওয়ার ০৩ (তিন) মাস পূর্বে পাসপোর্ট রি-ইস্যু বা নতুন ই-পাসপোর্টের জন্য আবেদন করার জন্য সংশ্লিষ্ট ইরাক প্রবাসী বাংলাদেশীদেরকে অনুরোধ করা যাচ্ছে।

